

৩ থেকে ২৪ আগস্ট কলেজ শিক্ষক সমিতির কর্মসূচী ঘোষণা

স্টাফ. রিপোর্টার: বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির নেতৃবৃন্দ এক সংবাদ সম্মেলন করে বলেছেন, দেশের সমগ্র শিক্ষা ব্যবস্থা আজ কংগ্রেসের প্রভাসীমায় উপনীত। নির্পঙ্ক দলীয়করণ, সীমাহীন দুর্নীতি, শিক্ষা প্রতিষ্ঠান ও বোর্ড-বিদ্যালয়গুলোর স্বায়ত্তশাসনে অবৈধ হস্তক্ষেপ এবং অর্থনৈতিক শিক্ষক নির্যাতন অত্যাচারের সকল রেকর্ড ছাড়িয়ে গেছে। কথায় কথায় শিক্ষকদের চাকরিচ্যুত করা হচ্ছে। বন্ধ করে দেয়া হচ্ছে শিক্ষকদের বেতন। জাতীয় বিশ্ববিদ্যালয় আজ বরষা স্ট্যাম্পে পরিণত হয়েছে। এসব সমস্যা এবং দাবি নিয়ে তারা আগামী ৩ থেকে ২৪ আগস্ট পর্যন্ত কর্মসূচী ঘোষণা করেছে।

শুক্রবার জাতীয় খেসড়াবে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে কর্মসূচী ঘোষণা করা হয়। সংবাদ সম্মেলনে বিখিত বক্তব্য পাঠ করেন সলাঠনের সভাপতি অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ। বিভিন্ন প্রশ্নের জবাব দেন সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হকসহ বিভিন্ন নেতা। বিখিত বক্তব্যে বলা হয়, বৈধভাবে নিয়োগপ্রাপ্ত দুই থেকে দশ বছর ধরে কর্মরতদের সরকার থেকে প্রাপ্ত বেতন-ভাতা কুখ্যাত জনবল কাঠামোর নতুন ব্যাখ্যার নামে স্থগিত/বন্ধ করে দেয়ায় হাজার হাজার শিক্ষক, কর্মচারী ও তাঁদের পরিবার-পরিজনদের মধ্যে হাহাকার শুরু হয়েছে।

সরকারের দলীয়করণ ও অসং-অনৈতিক কাজকর্মের হাতিয়ার ও রবার স্ট্যাম্পে পরিণত হয়েছে জাতীয় বিশ্ববিদ্যালয়। প্রতিষ্ঠানটি এখন শিক্ষকদের স্বার্থের বিপরীতে অবস্থান করছে। সর্বশেষ এই প্রতিষ্ঠানের সঙ্গে মন্ত্রিসভাকে অণ্ডরুত করে এর গঠন কাঠামো ও উদ্দেশ্য বানচাল করে নতুন বিভাগ সৃষ্টির অপচেষ্টা চলছে। এই ধরনের অপচেষ্টা জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিবৃত্ত কলেজগুলোর ছাত্র-শিক্ষক কেউ যেনে নেবে না।

তারা বলেন, দুবামুলা বৃদ্ধির আশে সন্ধ্যায়ের দরিদ্র শ্রমিক আয়ের মানুস হিসেবে আমাদের দৈনন্দিন জীবন দুর্বিষহ করে তুলছে। উন্নয়ন কথায় কথায় যে কোন হুড়ায় আমাদের চাকরি যায়, বেতন বন্ধ/স্থগিত হয়, এক মাসের বেতন তিন মাস পর দেয়া হয়। এনব দাবিতে তারা আগামী ৩ থেকে ২৪ আগস্ট পর্যন্ত কর্মসূচী ঘোষণা করেছে।

কর্মসূচীর মধ্যে রয়েছে- ৩ আগস্ট শিক্ষামন্ত্রী, প্রতিমন্ত্রী, সচিব ও বাউশি মহাপরিচালক বরাবর চরমপত্র প্রদান, ৫ আগস্ট জেলা সদরে মানববন্ধন, ৬ থেকে ৯ আগস্ট কলেজের গবর্নিং বডির চেয়ারম্যান-সদস্য বরাবর বারকপিপি, ৭ আগস্ট প্রত্যেক জেলা সদরে প্রতীক মর নিয়ে মিছিল, ৮ থেকে ১২ আগস্ট শিক্ষা বোর্ড চেয়ারম্যান ও জাতীয় বিশ্ববিদ্যালয় উপাচার্য বরাবর বারকপিপি, ১০ আগস্ট জেলা সদরের প্রধান সড়কপাশে অবস্থান ও বিক্ষোভ, ১৭ আগস্ট ডিসি অফিস ঘেরাও এবং ২৪ আগস্ট শিক্ষা ভবন ঘেরাও কর্মসূচী। এর পরও দাবি মানা না হলে আরও কঠোর কর্মসূচী ঘোষণা করা হবে।